# শলোমন



Published by the Comic Bible Society, LLC
Copyright © 2021

Kingstone Comics maintains copyright to this comic book as provided by United States copyright law.

Print and digital copies of this version may be freely distributed without penalty under a Creative Commons license.


আপনার স্বামী মহারাজের অনেক বয়স হয়ে গেছে।
তাঁর শরীর অনেক কাপড় দিয়ে ঢেকে দিয়েও, আমরা তাঁকে গরম রাখতে পারিনি।
আপনি যা পারেন সব করুন।
আমাদের লোকেরা রাজার কাছে থেকে সেবা-যত্ন করার জন্য দেশের মধ্যে একজন সুন্দরী যুবতী কুমারী মেয়ে খুঁজেছিলেন।
এই শেষ দিনগুলিতে রাজাকে ভাল রাখার জন্য আমরা আমাদের সাধ্যমত চেষ্টা করেছি ।
একজন শূনেমীয়া মেয়ে, অবীশগকে, আনা হয়েছিল রাজা দায়ূদের দেখাশোনা করার, এমনকি তাঁর পাশে শুয়ে, তাঁকে গরম রাখার জন্য।
তবে, রাজার সংগে তার কোন গভীর সম্পর্ক ছিলনা।
কিন্তু ঝামেলা তৈরী হচ্ছিল...



অবশালোমের মৃত্যুর পর, রাজার সবচেয়ে বৃদ্ধ বয়সের জীবিত ছেলে আদোনিয় ভেবেছিলেন, তিনি নিজেকে রাজা হবার জন্য এগিয়ে নিয়ে যাবেন।
আর তা দেখানোর জন্য, তিনি একটি শক্তিশারী ঘটনা তৈরী করলেন।
আদোনিয় নষ্ট হয়ে গেছে। রাজকীয় গৌরব তাঁর মাথায় ঢুকেছে। রাজার উচিত ছিল যুবককে শাসন করা যা তিনি কখনও করেন নি।
কিন্তু তাঁর বাবা, রাজা মহারাজের মত তারও শাসন করার ক্ষমতা রয়েছে।
আমি শুনেছি সেনাপতি যোয়াব এবং পুরোহিত অবিয়াথর তার পক্ষ হয়ে তাকে সাহায্য করেছেন।
তাদের আছে - কিন্তু পুরোহিত সাদোক, নবী নাথন এবং দায়ূদের বীর যোদ্ধারা নেই।




১রাজাবলি ১:৫-৮



মহারানী, নবী নাথন আপনার সাথে কথা বলতে চান।
আমি তাঁকে দেখব।
আদোনিয়, হগীতের মধ্য দিয়ে রাজার ছেলে, আমাদের মনিব দায়ূদের অজান্তে রাজা হয়েছেন।
শুধুমাত্র একটি উপায় আছে আপনি আপনার ও আপনার ছেলে শলোমনের প্রাণ রক্ষা করতে পারেন।
আমি আপনাকে পরামর্শ দিচ্ছি আপনি এখনই রাজার কাছে যান এবং তাকে এই প্রশ্ন করুন - " আপনি কি এই বলে আমাকে প্রতিজ্ঞা করেন নি যে আপনার পরে নিশ্চয়ই শলোমনই রাজা হবে? তাহলে কেন আদোনিয় রাজা হয়েছে?"
তখন আমিও সেখানে গিয়ে আপনার কথায় সায় দেব।
নবী নাথন রাজার সাথে কথা বলতে চান।
তিনি ভিতরে... আসতে পারেন।
আদোনিয় অনেক ভেড়া ও গরু উৎসর্গ করেছে। সেনাপতি যোয়াব তার সাথে একত্রিত হয়েছেন।
যদি সে সিংহাসনে বসে তাহলে আমাকে ও আপনার ছেলে শলোমনকে দোষী বলে ধরা হবে।
বৎশেবার কথা সত্য। মহারাজ কি তাঁর দাসদের না জানিয়েই এইরকম কিছু ঠিক করেছেন?


যিনি আমাকে সমস্ত বিপদ থেকে উদ্ধার করেছেন, সেই জীবন্ত সদাপ্রভুর দিব্য যে, তোমার ছেলে, শলোমন, আমার পরে রাজা হবে।
আমার প্রভু মহারাজ দায়ূদ চিরজীবী হোন!
আমার রক্ষীদলের প্রধান বনায়কে, পুরোহিত সাদোকের সাথে পুনরায় ঘরে ডেকে আন।
আপনারা আমার রক্ষীদলকে সঙ্গে নিন এবং আমার ছেলে শলোমনকে আমার নিজের খচ্চরে বসিয়ে নিয়ে যান।
তাদের তূরী বাজিয়ে চিৎকার করতে বলুন, "রাজা শলোমন চিরজীবী হোন!"
আপনারা তার পিছনে পিছনে ফিরে আসবেন এবং সে আমার সিংহাসনে বসবে এবং আমার জায়গায় রাজত্ব করবে।
আমেন! ঈশ্বর সদপ্রভু তা-ই করুন।
সদাপ্রভু তাঁর বাবার রাজ্যের চেয়েও শলোমনের রাজ্য আরও গৌরবযুক্ত করুন!


দায়ূদের ছেলের রাজত্ব পরাৎপরের আশীর্বাদে পরিপূর্ণ হোক।
রাজা শলোমন চিরজীবী হোন!
তাঁর রাজত্বও তাঁর বাবার রাজত্বের মত বড় হোক!
উৎসবের আনন্দের শব্দে মাটি কেঁপে উঠল।
আপনি তো ভাল লোক নিশ্চয়ই ভাল সংবাদ এনেছেন।
মোটেই না, সেনাপতি যোয়াব। মহারাজ দায়ূদ এইমাত্র তাঁর ছেলে শলোমনকে রাজা করেছেন।
লোকদের সাথে তাঁর সংগে পুরোহিত সাদোক, নবী নাথন, বনায় এবং রাজার রক্ষীরা ছিল।
তিনি এখন রাজার খচ্চরের উপরে বসে আছেন এবং যে গোলমালের আওয়াজ আপনারা শুনতে পাচ্ছেন তা শহরের লোকদের আনন্দের শব্দ।


“এছাড়া শলোমন রাজ-সিংহাসনেও বসেছেন আর রাজার সকল কর্মচারীরা এসেছেন তাঁকে শুভেচ্ছা জানাতে।”
আমাদের সাথে এখানে আদোনিয়কে দেখা যাচ্ছে না!
আমাকে অবশ্যই দয়া পাবার জন্য মন্দির এবং বেদীর শিংগুলোর কাছে পালিয়ে যেতে হবে।
এটি রাজ্যের সাথে বিশ্বাসঘাতকতা বলে ধরা হবে। দৌড়াও!
আমি সদাপ্রভুর মন্দিরে আছি – আমি দয়া প্রার্থনা করছি।
রাজার ছেলে দয়া পাবার জন্য মিনতি করছে।
সে যদি ভাল লোক হয় তবে তার মাথার একটা চুলও মাটিতে পড়বে না।
তুমি তোমার নিজের ঘরে চলে যাও।



সকল মানুষেরা যে পথে যায় আমিও এখন সেই পথে যাচ্ছি... কিন্তু আমার কথা শোন।
তোমার ঈশ্বর সদাপ্রভুর ইচ্ছামত তুমি তাঁর পথে চলবে। সদাপ্রভুর সব নিয়ম ও আদেশগুলো মেনে চলবে এতে তুমি সফল হতে পারবে।
যোয়াব আমার প্রতি যা করেছে এবং ইস্রায়েলীয় দুই সেনাপতির প্রতি যা করেছে তা তো তুমি জানই। তুমি তার সংগে বুদ্ধি করে চলবে তবে বুড়ো বয়সে তুমি তাকে শান্তিতে মৃতস্থানে যেতে দেবে না।
কিন্তু বর্সিল্লয়ের প্রতি বিশ্বস্ত থেকো... তোমার ভাই অবশালোমের কাছ থেকে পালিয়ে যাবার সময় তারা আমার পাশে এসে দাঁড়িয়েছিল।
শিমিয়ির কথা মনে রেখ, সে আমাকে অভিশাপ দিয়েছিল এবং আমি তাকে ছেড়ে দিয়েছি।
কিন্তু তুমি... তার বুড়ো বয়সে রক্তপাতের মধ্য দিয়েই তাকে মৃতস্থানে পাঠিয়ে দেবে।
দায়ূদ ইস্রায়েলের উপরে চল্লিশ বছর রাজত্ব করেছিলেন - সাত বছর হিব্রোণে আর তেত্রিশ বছর যিরূশালেমে।
তিনি সদাপ্রভুর নিজের মনের মত লোক ছিলেন।
শলোমনের প্রতি দায়ূদের সিদ্ধান্তকে আমরা বিশ্বাস করতে পারি।


তুমি কি ভাল মন নিয়ে এসেছ?
হ্যাঁ, এসেছি - কিন্তু আমার কিছু বলবার আছে।
আপনি তো জানেন রাজ্যটা আমারই ছিল কিন্তু অবস্থাটা বদলে গিয়েছে, এবং সদাপ্রভু রাজ্যটা আমার ভাইয়ের হাতে দিয়ে দিয়েছেন।
আমার কেবল একটা অনুরোধ আছে - আমাকে ফিরিয়ে দেবেন না।
আমার স্ত্রী হিসেবে অবীশগকে আমাকে দিন - যিনি রাজার শেষ দিনগুলোতে তাঁর দেখাশোনা করেছিলেন।
আমি শলোমনের সাথে কথা বলব এবং দেখি সে কি বলে।
মা - আসুন এবং এই সিংহাসনে বসুন যা আমি রাজার মায়ের জন্য নিয়ে এসেছি।
আমি তোমাকে একটা ছোট্ট অনুরোধ করব - দয়া করে তুমি আমাকে ফিরিয়ে দিয়ো না।
তুমি জান আমি তোমাকে ফিরিয়ে দেব না।
তোমার ভাই আদোনিয়... তার স্ত্রী হিসেবে অবীশগকে চেয়েছে।
তুমি তার জন্য রাজ্যটাও তো চাইতে পারতে, কারণ সে আমার বড় ভাই।
যিনি আমার সিংহাসন শক্তভাবে স্থাপিত করেছেন, সেই জীবন্ত সদাপ্রভুর দিব্য দিয়ে বলছি, আদোনিয়কে এই অসম্মানজনক অনুরোধের জন্য শাস্তি পেতে হবে। বনায়, তাকে মেরে ফেল!
উব্



অবিয়াথর, যদিও আপনি আমার ভাইয়ের সাথে নিজেকে যুক্ত করেছিলেন তবুও আপনি মারা যাবেন না কারণ আপনি আমার বাবার সময়ে প্রভু সদাপ্রভুর সিন্দুকটা বয়ে নিয়ে গিয়েছিলেন এবং তাঁর সমস্ত দুঃখ-কষ্টের ভাগী হয়েছিলেন।
অনাথোতে নিজের জায়গায় ফিরে যান।
এখন আমার কাছে যোয়াবকে নিয়ে এস।
রাজা আপনাকে বের হয়ে আসতে বলেছেন!
না, আমি এখানেই মরব।
তাহলে তিনি যা বলেছেন তা-ই করুন।
তাঁকে মেরে ফেলুন এবং এই লোকটি যে নির্দোষ লোকদের রক্তপাত করেছেন তার দোষ আমার ও আমার বাবার বংশ থেকে এইভাবে দূর করে দিন।
এখন আমার কাছে শিমিয়িকে নিয়ে আস।
তুমি আমার বাবাকে অভিশাপ দিয়েছিলে, কিন্তু যতদিন তুমি ঘর বানিয়ে যিরূশালেমে থাকবে ততদিন আমি তোমাকে বাঁচিয়ে রাখব।
যদি তুমি কখনও কিদ্রোণ উপত্যকা পার হও তবে তুমি মারা যাবে।
আমার মনিব মহারাজ যা বলেছেন।
তিন বছর পরে।
আমরা খবর পেয়েছি যে শৌলের আত্মীয় শিমিয়ি তাঁর হারিয়ে যাওয়া কিছু দাসকে খুঁজতে গাতে গিয়েছেন।
সদাপ্রভু যেমন বলেছিলেন, শৌলের বংশ শেষ হবে এবং দায়ূদের সিংহাসন চিরকাল স্থায়ী হবে। তার সাথে মোকাবেলা কর।


শলোমন ফরৌণের একটি মেয়েকে বিয়ে করছিলেন এবং তাঁকে রাজকীয় শহরে নিয়ে এসেছিলেন। [1]
[1] এই ফরৌণ সম্ভবত সিয়ামুন ছিলেন, তিনি একবিংশ রাজবংশের শাসক ছিলেন। এটি সেই সময়ে পৃথিবীতে শলোমনের রাজনৈতিক অবস্থান দেখায়।
গিবিয়োনের সবচেয়ে উঁচু গুরুত্বপূর্ণ স্থান যিরূশালেম থেকে খুব বেশি দূরে ছিল না। সেখানে মোশীর তৈরি মিলন তাম্বু এবং ব্রোঞ্জের বেদী ছিল।
গিবিয়োনে শলোমন এক হাজার পশু দিয়ে পোড়ানো-উৎসর্গের অনুষ্ঠান করলেন।
এবং সেখানে সদাপ্রভু স্বপ্নের মধ্য দিয়ে তাঁর সাথে কথা বললেন।
তুমি আমার কাছে যা চাইবে আমি তা-ই তোমাকে দেব।
তুমি আমাকে একমাত্র সন্তান হবার মধ্য দিয়ে আমার বাবা দায়ূদের উত্তরসূরি করেছো।
সেইজন্য তোমার লোকদের শাসন করবার জন্য এবং কোনটা ঠিক বা কোনটা ভুল তা জানবার জন্য তুমি তোমার দাসের অন্তরে বুঝবার ক্ষমতা দাও।
আর শলোমন এটাই চেয়েছেন দেখে সদাপ্রভু খুশী হলেন।
[2] শলোমনের বয়স সেই সময়ে প্রায় একুশ বছর ছিল।



১রাজাবলি ৩:১-১০


তুমি অনেক আয়ু, কিম্বা নিজের জন্য ধন-সম্পদ, কিম্বা তোমার শত্রুদের মৃত্যু না চেয়ে যখন সুবিচার করবার জন্য বুঝবার ক্ষমতা চেয়েছ, তখন তুমি যা চেয়েছ তা-ই আমি তোমাকে দেব।
আমি তোমার অন্তরে এমন জ্ঞান ও বিচারবুদ্ধি দেব যে এর আগে তোমার মত আর কেউ ছিল না আর পরেও থাকবে না।
এছাড়া যা তুমি চাও নি তাও আমি তোমাকে দিলাম – ধন-দৌলত ও সম্মান দিলাম! যার ফলে তোমার জীবনকালে পৃথিবীর আর কেউ তোমার মত ধন-দৌলত ও সম্মানিত হতে পারবে না।
তোমার বাবা দায়ূদের মত করে যদি তুমি আমার সব নিয়ম ও আদেশ পালন কর এবং আমার পথে চল তবে আমি তোমাকে অনেক আয়ু দেব।


এর পর শলোমন জেগে উঠলেন আর বুঝতে পারলেন যে, ওটা ঈশ্বরের দেয়া একটা স্বপ্ন ছিল।
তিনি যিরূশালেমে ফিরে গিয়েছিলেন যেখানে তিনি সদাপ্রভুর সামনে পোড়ানো-উৎসর্গ করেছিলেন।
তারপর তিনি তাঁর সমস্ত কর্মচারীদের একটা ভোজে আমন্ত্রণ জানিয়েছিলেন।



এই জ্ঞান খুব তাড়াতাড়ি দু'জন বেশ্যা স্ত্রীলোক দিয়ে পরীক্ষিত হয়েছিল।
এই স্ত্রীলোকটি আমার সাথে একই ঘরে থাকে এবং আমার সন্তান হবার তিন দিন পর তারও সন্তান হয়।
রাতের বেলা সে গড়িয়ে তার সন্তানের উপর ওঠায় শ্বাসবদ্ধ হয়ে যায় - তারপর আমি যখন ঘুমিয়ে ছিলাম তখন সে আমার সন্তানকে নিয়ে সেই জায়গায় তার মৃত সন্তানকে রেখে গেছে।
সত্য না!
মারা যাওয়া সন্তানটি তার ছেলে ছিল।
না - সকালের আলোতে, আমি দেখলাম সে আমার নিজের ছেলে নয়!
তোমার ছেলেটি রাতেই মারা গিয়েছিল। এটা স্বীকার কর।
সুতরাং...আসুন সোজাভাবে এই বিষয়টিকে নেই। আপনারা দু'জনেই বলছেন জীবিত সন্তানটি আপনাদের, এবং প্রত্যেকেই বলছেন মৃত সন্তানটি অন্য জনের।
আমার কাছে এর উত্তর আছে – আমাকে একটা তলোয়ার দাও।




১রাজাবলি ৩:১৬-২৪


ছেলেটিকে কেটে দু'ভাগ কর - এবং প্রত্যেক স্ত্রীলোককে অর্ধেক করে দাও।
না, আমার প্রভু! ওকেই আপনি জীবিত ছেলেটি দিয়ে দিন – ছেলেটিকে মেরে ফেলবেন না!!
ও তোমারও না হোক আর আমারও না হোক – ওকে কেটে দু'টুকরা কর!
যে স্ত্রীলোকটি তাকে জীবিত রাখতে চেয়েছিল তার কাছে এই বাচ্চাটিকে দাও ও-ই ওর মা।
তুমি কি শুনেছিলে? রাজা শলোমন একটি বিরোধের সমাধান করেছিলেন একটি শিশুকে দুইভাগে কেটে ফেলার আদেশ দেবার মাধ্যমে।
কিন্তু তাঁর আদেশ ছিল শুধুমাত্র সত্যকে বের করা।
এমন কথা কেউ কখনও শুনেছেন! সত্যিই সদাপ্রভু আমাদের নতুন রাজাকে মহান জ্ঞান দিয়েছেন।
শলোমনের মহা জ্ঞানের কথা সারা দেশে ছড়িয়ে পড়ল।


শলোমনের রাজত্বকালে ইস্রায়েলের বার বংশের সবাই একত্রিত হয়েছিল।
শলোমন তাঁর প্রধান সেনাপতি, পুরোহিত, তাঁর লেখক, এবং ইতিহাস লেখক নিযুক্ত করলেন, রাজবাড়ী দেখাশোনার লোকদের, অঞ্চলের শাসনকর্তাদের, এবং জোরপূর্বক যে সব লোকদের দিয়ে কাজ করা হত তাদের নিযুক্ত করলেন।
তিনি বার বংশের উপরে শাসনকর্তাও নিযুক্ত করেছিলেন। তাঁরা প্রতিমাসে রাজা এবং রাজপরিবারের জন্য খাবার-দাবারের যোগান দিতেন।


শলোমন সদাপ্রভুকে অনুসরন করার সময়, ইস্রায়েল একসাথে ছিল এবং শান্তি ও সমৃদ্ধির খুব ভাল সময় ছিল।
১রাজাবলি ৪:১-15


প্রতিদিন শাসনকর্তারা প্রায় সাড়ে পাঁচ টন মিহি ময়দা এবং প্রায় এগারো টন সুজি খাবারের জন্য সরবরাহ করতেন।
রাজপরিবারের লোকেরা, রাজকর্মচারী এবং শাসনকর্তারা প্রতিদিন ৩০ টি গরু, ১০০ টি ভেড়া ও ছাগল তা ছাড়াও হরিণ এবং পাখির মত বিভিন্ন বন্যপ্রানী খেতেন।


রাজাকীয় আস্তাবলে ১২,০০০ ঘোড়া এবং ৪,০০০ রথের ঘর ছিল।


ঈশ্বর শলোমনকে মহান জ্ঞান, ও বিস্তৃত বুঝবার মন দান করেছেন।
আসলে, পূর্বদেশের এবং মিসরের, সমস্ত জ্ঞানী লোকদের চেয়েও তাঁর জ্ঞান ছিল বেশী।
তিনি একজন মহান প্রকৃতিবিদ ছিলেন যিনি প্রাণী এবং গাছপালার জীবন সম্পর্কে অনেক কিছু বর্ণনা করেছেন।
অনেক দেশ থেকে রাজারা তাঁদের লোকদের পরামর্শের জন্য শলোমনের কাছে পাঠাতেন।

১রাজাবলি ৪:২৯-৩৪






২বংশাবলি ২:১-১২, ১রাজাবলি ৫:১-৯


আমরা এরস কাঠগুলোকে লেবানন থেকে নামিয়ে এবং ভেলা তৈরী করে সমুদ্রে ভাসিয়ে নিয়ে যাব।
এবং আমরা আগে থেকেই খামারের বেশি একটা ভাল জিনিস উপভোগ করতে পারিনি, আমরা বাছাই করা কাঠের বিনিময়ে তাৎক্ষনিক খাদ্য গ্রহণ করব।


আর শলোমন ৩০,০০০ শ্রমিককে নিযুক্ত করেছিলেন, প্রতি মাসে ১০,০০০ জনকে কাঠের কাজ করতে হত।


এখানে অতিরিক্ত ৭০,০০০ ভারবহনকারী লোক ও ৮০,০০০ পাহাড়ে পাথর কাটবার লোক ছিল যারা উপাসনা-ঘর তৈরির জন্য দামী দামী বড় পাথর কেটে এনেছিল।


শলোমন মোরিয়া পাহাড়ে সদাপ্রভুর ঘর তৈরী করলেন যেখানে সদাপ্রভু তাঁর বাবা দায়ূদকে দেখা দিয়েছিলেন।
খাদের যে সব পাথর কেটে ঠিক করা হয়েছিল তিনি কেবল সেগুলোই ব্যবহার করেছিলেন - তাই উপাসনা-ঘরটি তৈরী করবার সময় সেখানে কোন হাতুড়ি কিম্বা কুড়ালের আওয়াজ শোনা যায় নি।
উপাসনা-ঘরের সামনে তিনি দু'টা বড় থাম তৈরী করালেন।
একটির নাম বোয়স[1] এবং অন্যটির নাম ছিল যাখীন।[2]
1 বোয়স যার মানে "তাঁর মধ্যেই শক্তি।"
2 যাখীন যার মানে "তিনি স্থাপন করেন।"
শলোমনের কাছে সদাপ্রভুর এই বাক্য বলা হল...
তুমি যদি আমার নির্দেশ মত চল আমার সব নিয়ম পালন কর এবং আমার সমস্ত আদেশের বাধ্য হও, তাহলে আমি তোমার বাবা দায়ূদের কাছে যা প্রতিজ্ঞা করেছি তা আমি তোমার মধ্য দিয়ে পূর্ণ করব।
আমি ইস্রায়েলীয়দের মধ্যে বাস করব এবং কখনও তাদের ত্যাগ করব না।




২বংশাবলি ৩-৪; ১রাজাবলি ৭:১৩-৫১


সাত বছর পরে মহান উপাসনা-ঘর তৈরি শেষ হয়েছিল।
শলোমন, তাঁর কর্মচারীরা, পুরোহিতরা, গায়ক, বাদ্যকার, সৈন্যরা, এবং বিশাল জনতা সদাপ্রভুর ব্যবস্থা সিন্দুক বহন করে মহাপবিত্র স্থানে নিয়ে এসেছিল।


১রাজাবলি ৬:৩৮, ৮:১-৯; ২বংশাবলি ৫:১-১৩


দেখ! পুরোহিতেরা পবিত্র স্থান থেকে বের হয়ে এসেছেন এবং সদাপ্রভুর ঘর মেঘে ভরে গিয়েছে – তাঁরা আর সেবা কাজ করতে পারবেন না!
এটি ঈশ্বরের গৌরব। তিনি তাঁর লোকদের উপর এবং তাঁর জন্য আমরা যে বিশ্রাম স্থান তৈরি করেছি তাতে সন্তুষ্ট।


হে সদাপ্রভু ইস্রায়েলের ঈশ্বর, উপরে স্বর্গে কিম্বা নীচে পৃথিবীতে তোমার মত ঈশ্বর আর কেউ নেই, তোমার যে দাসেরা মনে-প্রাণে তোমার পথে চলে তুমি তাদের পক্ষে তোমার অটল ভালবাসার ব্যবস্থা রক্ষা করে থাক।
তুমি কি সত্যিই এখানে বাস করবে? এমনকি মহাকাশের সমস্ত জায়গা জুড়েও যখন তোমার স্থান অকুলান হয়।
যখন দেশের বিরুদ্ধে দুর্ভিক্ষ আসে এবং উপাসনা-ঘরের দিকে হাত বাড়িয়ে কোন প্রার্থনা বা অনুরোধ করে তবে তোমার বাসস্থান স্বর্গ থেকে তুমি তা শুনো।
যখন তোমার লোকেরা তোমার বিরুদ্ধে পাপ করবে এবং তাদেরকে শত্রুদের হাতে তুলে দেয়া হয় কিন্তু মন ফিরায় – দয়া করে তাদের প্রার্থনা শুনো।
তোমার চোখ যেন সবসময় এই জায়গা এবং তোমার লোকদের অনুরোধ শোনার জন্য উন্মুক্ত থাকে।


তারপর সদাপ্রভু দ্বিতীয়বার তাঁকে দেখা দিলেন।
তুমি যে প্রার্থনা করেছ তা আমি শুনেছি। তোমার তৈরী এই উপাসনা-ঘরটি চিরকাল আমার বাসস্থান হিসাবে আমার উদ্দেশ্যে আলাদা করেছি।
আর তুমি যদি তোমার বাবা দায়ূদের মত খাঁটি অন্তরে, সৎভাবে আমার সামনে চল তবে আমি চিরকালের জন্য ইস্রায়েলের উপর তোমার বংশধরদের রাজসিংহাসন স্থায়ী করব।
কিন্তু, যদি তাঁরা আমার কাছ থেকে ফিরে যায় এবং অন্য দেব-দেবতার সেবা ও পূজা করে তাহলে এই উপাসনা ঘরটি ঠাট্টার ঘর হবে।
শলোমন তাঁর বিশাল, তালিকাভুক্ত নিযুক্ত শ্রমিকদের দিয়ে ভান্ডার শহর এবং অনেক শহর পুনর্নিমাণ করেছিলেন।
এছাড়াও তিনি কতগুলো জাহাজ তৈরি করিয়েছিলেন যা তাঁর কাছে সোনা সরবরাহ করেছিল।



শিবা দেশের রাণী যখন শলোমনের জ্ঞান এবং সদাপ্রভুর দ্বারা অর্জনের কথা শুনলেন তখন তিনি ১,২০০ মাইল যাত্রা করে এসেছিলেন।
তিনি তাঁকে কঠিন কঠিন প্রশ্ন দিয়ে পরীক্ষা করেছিলেন, এবং শলোমন সমস্ত উত্তর দিয়েছিলেন।
আমি যা শুনেছি তা সবই সত্যি – এবং এর অর্ধেকও আমাকে বলা হয় নি!
আপনার লোকেরা সুখী, এবং আপনার প্রাসাদের সাহায্যকারীরাও সন্তুষ্ট – কিন্তু তারা হবেই বা না কেন – প্রতিদিন আপনার জ্ঞানের কথা শুনছে।
আর আরব থেকে আমার উপহার হিসেবে... ১২০ তালন্তেরও বেশী সোনা [1], অনেক সুগন্ধি মশলা ও মণি-মুক্তা।
[1] এক তালন্ত হল ৭৫ পাউন্ডের সমান ওজনের একক, তাই তিনি শলোমনকে সাড়ে চার টনেরও বেশী স্বর্ণ উপহার দিয়েছিলেন।




১রাজাবলি ১০:১-১৩


প্রতি বছর শলোমন প্রায় ছাব্বিশ টন সোনার পাশাপাশি রাজাদের ও দেশের শাসনকর্তাদের কাছ থেকে কর পেতেন।
কিন্তু এই প্রচুর ধন সম্পদের আশীর্বাদে শলোমন আটকা পড়ে গিয়েছিলেন।
ইস্রায়েলের নেতাদের জন্য ঈশ্বর মোশীকে যে আদেশগুলো দিয়েছিলেন তা না মেনে তিনি নিজের জন্য অনেক ঘোড়া জোগাড় করেছিলেন – বিশাল আস্তাবল তৈরি করেছিলেন।
এবং তারপরও তিনি এই একই পবিত্র নির্দেশনা আরো বেশী অমান্য করেছিলেন – তিনি অনেক বিদেশী স্ত্রী গ্রহণ করেছিলেন।
আর সদাপ্রভুর ভবিষ্যতবাণী হিসেবে – তারা প্রভুর কাছ থেকে তাঁর মনকে সরিয়ে নিয়েছিল।
তাঁর কিছু স্ত্রী উর্বরতার দেবী অষ্টোরতের উপাসনা করেছিলেন।
অন্যরা, দেবতা মোলকের। শিশুদের আগুনে পোড়ানো মোলকের উপাসনার অংশ ছিল।
মোয়াবীয়দের দেবতা কমোশকেও উৎসর্গের জন্য ছেলেমেয়েদের দেয়া হয়েছিল।


সদাপ্রভু, যিনি দু'বার শলোমনকে দেখা দিয়েছিলেন, তিনি শলোমন যা করেছিলেন তা দেখে ভীষণ অসন্তুষ্ট হলেন।
সদাপ্রভু বলেছেন, " যেহেতু তুমি আমাদের চুক্তি পালন কর নি এবং আমার আইন মান নি, তাই আমি তোমার এবং তোমার পরিবারের কাছ থেকে রাজ্য ছিঁড়ে নিয়ে অন্য কাউকে দেব।"
" তবে, তোমার বাবা দায়ূদের কথা মনে করে, তোমার জীবনকালে আমি তা করব না। কিন্তু তোমার ছেলের হাত থেকে আমি তা ছিঁড়ে নেব।"
সদাপ্রভু বলেছেন, " দায়ূদের এবং যিরূশালেমের কথা ভেবে – আমি তাঁকে এক গোষ্ঠীর রাজা হতে দেব।"




১রাজাবলি ১১:১৪-৩৬


সদাপ্রভু বলেছেন, " আমি তোমাকে ইস্রায়েলের সিংহাসনে অসীম ক্ষমতা দিয়ে রাখব।"
"যদি তুমি আমার আদেশ অনুসারে কাজ কর এবং আমার দাস দায়ূদের মত আমার নিয়ম ও আদেশ পালন কর, তাহলে আমি তোমাকে আশীর্বাদ করব; আর তোমার বংশধরেরা চিরকাল ইস্রায়েলকে শাসন করবে।
যখন এই কথা শলোমনের কাছে পৌছাল তিনি যারবিয়ামকে মেরে ফেলবার চেষ্টা করলেন, কিন্তু তিনি মিসরের রাজা শীশকের কাছে পালিয়ে গেলেন।
ইস্রায়েলের উপর চল্লিশ বছর রাজত্ব করার পরে, শলোমনকে তাঁর পূর্বপুরুষদের সাথে কবরস্থ করা হয়েছিল।
তারপর তাঁর ছেলে রহবিয়াম তাঁর জায়গায় রাজা হলেন।

"THE BIBLE EXPLAINED
IN EVERY LANGUAGE."








**SUPERBIBLE.TV**